रेलवे भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARDS
सी ई एन ०६/२०२४ - एन टी पी सी पूर्व स्नातक स्तर - CEN - 06/2024 - NTPC Under Graduate Level

# RRB NTPC UG 2024 CBT 2

## Under Graduate Level · CEN 06/2024 · Question Paper Compilation

**Bengali**

All 1 Shifts (Sets) · Official Answer Key

## About this Compilation

This booklet compiles all **1 shift papers** of the **RRB NTPC UG 2024 CBT 2** examination (CEN 06/2024) in **Bengali**, with the correct option marked as per the official answer key.


✓ Correct option (highlighted green)

### How to use

- Use the **Index** page to jump directly to any set (clickable).
- Questions appear in shift order, numbered 1 onward within each set.
- Diagram and wide-table questions appear at full width at the end of their set.
- The correct answer is highlighted in green with a tick.

### More from QMaths

Check your marks, normalized score and zone-wise rank free at **rank.qmaths.in**. Master English vocabulary with the **Blackbook** app.


***Toppers' Choice, Blackbook of English Vocabulary, Now available in App format : DOWNLOAD NOW***

## Index — All Sets (click to open)


**Set 1** 20 Dec 2025
4:30 PM - 6:00 PM

**Q1**

1930 সালের মার্চ মাসে ডান্ডি পদযাত্রায় কে নেতৃত্ব দিয়েছিলেন?

- A. মহাত্মা গান্ধী ✓
- B. লালা লাজপত রায়
- C. জওহরলাল নেহরু
- D. সুভাষচন্দ্র বসু

**Q2**

ভারতে নির্বাচন পরিচালনার ক্ষেত্রে, কোন কর্তৃপক্ষটি একটি নির্বাচনী এলাকার সমস্ত ভোটকেন্দ্র তত্ত্বাবধান এবং আনুষ্ঠানিকভাবে চূড়ান্ত নির্বাচনের ফলাফল ঘোষণার জন্য দায়বদ্ধ?

- A. প্রিসাইডিং অফিসার (Presiding Officer)
- B. প্রধান নির্বাচনী পর্যবেক্ষক (Chief Electoral Observer)
- C. রিটার্নিং অফিসার (Returning Officer) ✓
- D. পোলিং অফিসার (Polling Officer)

**Q3**

'ইন্ডিয়ান রেনেসাঁ: দ্য মোদী ডিকেড' (Indian Renaissance: The Modi Decade) বইটির সম্পাদক কে?

- A. সৌমিত্র চট্টোপাধ্যায়
- B. ড: কে.এস. চৌহান
- C. অরুণ শৌরি
- D. ড: ঐশ্বর্য পণ্ডিত ✓

**Q4**

প্রদত্ত ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক ক্রমে, প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

EDG, CBE, AZC, YXA, WVY, ?

- A. UTW ✓
- B. VTU
- C. VSW
- D. USW

**Q5**

ইংরেজি বর্ণমালার ক্রম অনুসারে, নিচের চারটি বর্ণ-গুচ্ছ জোড়ার মধ্যে তিনটি একটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং এইভাবে তারা একটি দল গঠন করে। কোন বর্ণ-গুচ্ছ জোড়াটি সেই দলের অন্তর্গত **নয়**?
(দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি, তাদের ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণের সংখ্যা বা তাদের অবস্থানের উপর ভিত্তি করে নয়।)

- A. MN – SV ✓
- B. QR – WX
- C. AB – GH
- D. IJ – OP

**Q6**

D, E, F, G, O, P এবং Q উত্তর দিকে মুখ করে একটি সরল রৈখিক সারিতে বসেছে। E এর বাম দিকে মাত্র তিনজন বসেছে। G এর ডান দিকে শুধু O বসেছে। G এবং F এর মাঝে মাত্র তিনজন বসেছে। Q বসেছে P এর বাম দিকে কোনো একটি অবস্থানে কিন্তু D এর ডান দিকে কোনো একটি অবস্থানে। D এবং P এর মাঝে কতজন বসেছে?

- A. একজন
- B. তিনজন ✓
- C. চারজন
- D. দু'জন

**Q7**

নিম্নে প্রদত্ত ত্রয়ী দুটির মতো অনুরূপ বিন্যাস অনুসরণ করে, বিকল্প থেকে এমন ত্রয়ীটি চয়ন করুন। উভয় ত্রয়ী অনুরূপ বিন্যাস অনুসরণ করে।

BATH – HBAT – THBA
TOYS – STOY – YSTO

- A. ABLE – EABL – LEAB ✓
- B. CART – ACTR – CTAR
- C. LOVE – OVEL – VELO
- D. TOMB – OMTB – MTOB

Blackbook Vocabulary — Now in the App! ▸ Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q8**

একজন বিক্রেতা ₹130 এবং ₹150 প্রতি kg মূল্যের দু'ধরণের ছোলার আটাকে যথাক্রমে কত অনুপাতে মিশ্রিত করলে ₹145.50 প্রতি kg মূল্যের একটি আটার মিশ্রণ পাবে?

A. 7 : 31

B. 31 : 9

C. 9 : 31 ✔

D. 31 : 7

**Q9**

যদি ‘A’ এর অর্থ ‘÷’ হয়, ‘B’ এর অর্থ ‘×’ হয়, ‘C’ এর অর্থ ‘+’ হয় এবং ‘D’ এর অর্থ ‘–’ হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

138 B 2 C 24 A 4 D 8 = ?

A. 272

B. 271

C. 274 ✔

D. 273

**Q10**

যে বিকল্প সেটের সংখ্যাগুলি, নিচে দেওয়া সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সম্পর্কিত, সেই বিকল্প সেটটি চয়ন করুন।
(**দ্রষ্টব্য**: সংখাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সমস্ত কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

(5, 14, 24)
(3, 10, 16)

A. (6, 8, 12)

B. (9 , 14, 24)

C. (4, 12, 28)

D. (7, 18, 32) ✔

**Q11**

ভারতীয় সংবিধানের কোন তফসিলে পঞ্চায়েতের ক্ষমতা, কর্তৃত্ব ও দায়িত্বের উল্লেখ রয়েছে?

A. দশম তফসিল

B. একাদশ তফসিল ✔

C. নবম তফসিল

D. দ্বাদশ তফসিল

**Q12**

A এবং B একটি কাজ 14 দিনে শেষ করে। যদি A একা 42 দিনে কাজটি করতে পারে, তবে B একা একই কাজের এক-তৃতীয়াংশ ______ দিনে করতে পারবে।

A. 21

B. 14

C. 28

D. 7 ✔

**Q13**

নিচের কোন নদীটি, ভারতের মরুভূমি অঞ্চলে অবস্থিত দীর্ঘতম নদী?

A. ব্রহ্মপুত্র

B. গঙ্গা

C. লুনি ✔

D. যমুনা

**Q14**

কোন দলটি বিজয় হাজারে ট্রফি 2024-25 জিতেছে?

A. হরিয়ানা

B. কর্ণাটক ✔

C. বিদর্ভ

D. গুজরাট

**Q15**

উত্তর দিকে মুখ করে থাকা 48 জনের একটি সারিতে, মোহিত ডান প্রান্ত থেকে 14তম স্থানে বসেছে। হরিণী সারির বাম প্রান্ত থেকে 15 তম স্থানে বসলে মোহিত ও হরিণীর মাঝে কত জন বসেছে?

A. 21

B. 16

C. 18

D. 19 ✔

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q16**

রাধে A বিন্দু থেকে যাত্রা শুরু করে পশ্চিম দিকে 32 km গাড়ি চালায়। তারপর সে বাম দিকে বাঁক নেয় এবং 30 km গাড়ি চালায়। তারপর বাম দিকে বাঁক নেয় এবং 49 km গাড়ি চালায়। তারপর সে আবার বাম দিকে বাঁক নেয় এবং 46 km গাড়ি চালায়। সে শেষবারের জন্য বাম দিকে বাঁক নেয়, 17 km গাড়ি চালায় এবং P বিন্দুতে থামে। A বিন্দুতে আবার পৌঁছানোর জন্য তাকে কত দূরে (সবচেয়ে কম দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে? (যদি নির্দিষ্টভাবে উল্লেখ না থাকে, তবে সমস্ত বাঁক কেবল 90° ধরতে হবে।)

- A. পশ্চিম দিকে 15 km
- B. দক্ষিণ দিকে 13 km
- C. উত্তর দিকে 12 km
- D. দক্ষিণ দিকে 16 km ✓

**Q17**

ভারতের কোন ভাষাভাষীর মানুষের বেশিরভাগই আন্তর্জাতিক সীমানা সংলগ্ন হিমালয় অঞ্চলে বসবাস করেন?

- A. দ্রাবিড়ীয়
- B. ইন্দো-আর্য
- C. অস্ট্রীয়
- D. তিব্বত-বর্মীয় ✓

**Q18**

কৃষি কাজের বৈচিত্র্য কীভাবে গ্রামীণ সমৃদ্ধিতে অবদান রাখে?

- A. কৃষিজ উৎপাদনশীলতা হ্রাস করে
- B. কেবল প্রধান শস্য চাষের উপর মনোনিবেশ করে
- C. বিকল্প আয়ের উৎস প্রদান করে এবং স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে ✓
- D. চিরাচরিত কৃষি পদ্ধতির উপর নির্ভরতা বৃদ্ধি করে

**Q19**

2024 সালের এপ্রিলে প্রকাশিত **দ্য ল' অ্যান্ড স্পিরিচুয়ালিটি: রিকানেক্টিং দ্য বন্ড** (The Law and Spirituality: Reconnecting the Bond) বইটির রচয়িতা কারা?

- A. রমন মিত্তল এবং সীমা সিং ✓
- B. আর.কে. পচনন্দা এবং উত্তম কুমার সিন্হা
- C. গীতা সিং এবং আরিফ খান ভারতী
- D. অশোক কুমার এবং ও.পি. মানোচা

**Q20**

নিচের কোন পর্যবেক্ষণটি নির্দেশ করে যে একটি রাসায়নিক বিক্রিয়া ঘটেছে?

- A. তাপমাত্রার পরিবর্তন ✓
- B. আকারের পরিবর্তন
- C. টেক্সচারে কোনো পরিবর্তন হয়নি
- D. আকৃতির পরিবর্তন

**Q21**

ইংরাজি বর্ণমালার ক্রম অনুসারে, নিচের চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত **নয়**?
(দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি ব্যঞ্জনবর্ণ/ স্বরবর্ণের সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তাদের অবস্থান ভিত্তিক নয়।)

- A. GED
- B. KIH
- C. ZXW
- D. SQO ✓

**Q22**

সংস্কৃতি মন্ত্রকের মতানুসারে, নিচের কোন বিকল্পটি কোনো একটি ভাষাকে ধ্রুপদী বলে ঘোষণা করার একটি ফলাফল হতে পারে?

- A. জাতীয় সংহতি
- B. বৈশ্বিক সহযোগিতা
- C. সাক্ষরতার হার বৃদ্ধি
- D. কর্মসংস্থানের সুযোগ ✓

**Q23**

একটি আইপ্যাডের মুদ্রিতমূল্য ₹960 এবং এটিকে 25% এর দু'টি ধারাবাহিক ছাড়ে বিক্রি করা হয়, তারপরে নগদ অর্থ প্রদানের জন্য অতিরিক্ত 15% ছাড় দেওয়া হয়। চূড়ান্ত বিক্রয় মূল্য (₹ এ) কত হবে?

- A. 460
- B. 461
- C. 456
- D. 459 ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

**Q24**

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
A + B এর অর্থ 'A হয় B এর ছেলে',
A # B এর অর্থ 'A হয় B এর বোন',
A × B এর অর্থ 'A হয় B এর স্ত্রী',
এবং A & B এর অর্থ 'A হয় B এর বাবা'।

'S + G & J # K × T' হ'লে S কীভাবে T এর সঙ্গে সম্পর্কিত?

A. বাবা
B. স্ত্রীর বাবা
C. স্ত্রীর ভাই ✓
D. ভাই

**Q25**

দুটি পাইপ একটি ট্যাঙ্ককে যথাক্রমে 99 মিনিট এবং 90 মিনিটে ভর্তি করতে পারে। ট্যাঙ্কের নিচে একটি পাইপ রয়েছে যা ট্যাঙ্কটিকে খালি করে। যদি তিনটি পাইপ একসঙ্গে খোলা হয়, তাহলে খালি ট্যাঙ্কটি 50 মিনিটে ভর্তি হয়ে যায়। যদি অন্য কোনো পাইপ খোলা না থাকে তবে ট্যাঙ্কের নিচের পাইপটি সম্পূর্ণরূপে ভর্তি ট্যাঙ্কটিকে খালি করতে কত সময় নেবে?

A. 825 মিনিট ✓
B. 815 মিনিট
C. 822 মিনিট
D. 841 মিনিট

**Q26**

2011 সালের জনগণনা অনুযায়ী, সমতল সমভূমি, উর্বর মাটি এবং পর্যাপ্ত বৃষ্টিপাতের কারণে নিচের কোন রাজ্যটি উচ্চ জনঘনত্ব বিশিষ্ট?

A. গুজরাট
B. কেরালা ✓
C. রাজস্থান
D. হিমাচল প্রদেশ

**Q27**

A ট্রেনটি 7:20 a.m. এ M স্টেশন থেকে যাত্রা শুরু করে ওই দিনেই 3:20 p.m. এ N স্টেশনে পৌঁছায়। B ট্রেনটি আবার 9:20 a.m. এ N স্টেশন থেকে যাত্রা শুরু করে ওই দিনেই 4:20 p.m. এ M স্টেশনে পৌঁছায়। A এবং B ট্রেনদুটির কোন সময়ে সাক্ষাৎ হবে?

A. 10:57 a.m.
B. 4:10 p.m.
C. 12:08 p.m. ✓
D. 1:38 a.m.

**Q28**

প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নের (?) স্থানে কী বসবে?

57 58 62 71 87 112 ?

A. 144
B. 137
C. 148 ✓
D. 76

**Q29**

দন্তিদুর্গ দ্বারা কোন রাজবংশটি প্রতিষ্ঠিত হয়েছিল?

A. পাল
B. গুর্জর-প্রতিহার
C. চোল
D. রাষ্ট্রকূট ✓

**Q30**

সাতটি বাক্স H, I, J, K, Q, R এবং S কে একে অপরের উপর রাখা হয়, তবে এই নির্দিষ্ট ক্রমে নয়। H কে নিচ থেকে দ্বিতীয় অবস্থানে রাখা হয়। H এবং S এর মাঝে কেবল তিনটি বাক্স রাখা হয়। H এর নিচে কোনো একটি স্থানে J কে রাখা হয়। S এবং R এর মাঝে শুধু Q কে রাখা হয়। S এর উপরে কোনো একটি স্থানে K কে রাখা হয়।
I এবং J এর মাঝে কতগুলি বাক্সকে রাখা হয়?

A. তিনটি
B. চারটি
C. দু'টি
D. একটি ✓

**Q31**

2025 সালের মার্চ অনুসারে, ভারত সরকার কর্তৃক প্রতিষ্ঠিত কোন সংস্থাটি, ভারতের মহাকাশ কার্যক্রমে বেসরকারি খাতের অংশগ্রহণ বাড়ানোর সুবিধার্থে একটি নিয়ন্ত্রক ও প্রচারমূলক সংস্থা হিসাবে কাজ করে?

A. ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ISRO)
B. ইন্ডিয়ান ন্যাশনাল স্পেস প্রোমোশন অ্যান্ড অথরাইজেশন সেন্টার (IN-SPACe) ✓
C. ডিপার্টমেন্ট অফ স্পেস (DoS)
D. স্পেস অ্যাপ্লিকেশনস সেন্টার (SAC)

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q32**

এখন থেকে তিন বছর আগে, আমনের বয়স হীমনের বয়সের চারগুণ ছিল। এখন থেকে তিন বছর পরে, আমনের বয়স হীমনের বয়সের দ্বিগুণ হবে। আমনের বর্তমান বয়স (বছরে) কত?

A. 10

B. 15 ✔

C. 20

D. 18

**Q33**

100 পূর্ণমানের একটি পরীক্ষায়, B পায় 54 নম্বর এবং A পায় 75 নম্বর।
A এর প্রাপ্ত নম্বর হ'ল, B এর প্রাপ্ত নম্বরের প্রায় _______।

A. 75%

B. 101.07%

C. 72%

D. 138.89% ✔

**Q34**

ভারতে ট্রাইবিউন্যালসমূহ প্রতিষ্ঠার জন্য কোন সংশোধনী আইনের মাধ্যমে সাংবিধানিক বিধানগুলিকে প্রবর্তন করা হয়েছিল?

A. 42তম সংশোধনী আইন, 1976 ✔

B. 52তম সংশোধনী আইন, 1985

C. 41তম সংশোধনী আইন, 1975

D. 44তম সংশোধনী আইন, 1978

**Q35**

সরল করুন।

$x(5x - 5) + 7(x^2 - 2) + 15$

A. −12×2 − 5x − 1

B. −12×2 − 5x + 1

C. 12×2 − 5x + 1 ✔

D. 12×2 − 5x − 1

**Q36**

প্রদত্ত সংখ্যার ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। (সকল সংখ্যাই একক-অঙ্ক বিশিষ্ট সংখ্যা।)

(বামদিক) 8 8 4 7 5 5 3 2 9 8 6 4 5 3 8 4 5 8 9 1 5 7 4 9 7 5 1 (ডানদিক)

এরকম কতগুলি জোড় সংখ্যা আছে, যার প্রতিটির ঠিক আগে একটি বিজোড় সংখ্যা আছে এবং ঠিক পরেও একটি বিজোড় সংখ্যা আছে?

A. 2

B. 4

C. 3 ✔

D. 0

**Q37**

প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?

MID 6; OKF 12; QMH 18; SOJ 24; ?

A. SRL 28

B. UQL 30 ✔

C. UPL 32

D. URL 30

**Q38**

যদি A এবং B একসঙ্গে একটি কাজ 10 দিনে শেষ করতে পারে, এবং B একা সেই কাজটি 15 দিনে শেষ করতে পারে, তাহলে A এর একা কাজটি শেষ করতে কত দিন সময় লাগবে?

A. 20 দিন

B. 25 দিন

C. 30 দিন ✔

D. 15 দিন

**Q39**

যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

3 ÷ 2 + 15 × 3 - 5 = ? + 10

A. 16 ✔

B. 17

C. 15

D. 13

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q40**
ইংরেজি বর্ণমালার ক্রম অনুসারে, প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নের (?) স্থানে কী বসবে?

ULE RHZ ODU LZP ?

A. HUL
B. HWJ
C. JWK
D. IVK ✓

**Q41**
একটি ক্লাবের 55% সদস্য মহিলা এবং 45% সদস্য পুরুষ। যদি পুরুষদের গড় বয়স 95 বছর হয় এবং মহিলাদের গড় বয়স 85 বছর হয়, তবে সকল সদস্যের গড় বয়স (বছরে) কত?

A. 79.3
B. 89.5 ✓
C. 87.8
D. 83.9

**Q42**
যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

692 − 438 ÷ 1488 × 372 + 257 ÷ 621 × 69 = ?

A. 313
B. 113
C. 131 ✓
D. 311

**Q43**
ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে রাষ্ট্রীয় কর্মপদ্ধতির নির্দেশক নীতিসমূহ সম্পর্কিত তথ্য রয়েছে?

A. অনুচ্ছেদ 66 থেকে 51
B. অনুচ্ছেদ 36 থেকে 51 ✓
C. অনুচ্ছেদ 46 থেকে 51
D. অনুচ্ছেদ 56 থেকে 51

**Q44**
নিতিন Y বিন্দু থেকে যাত্রা শুরু করে দক্ষিণ দিকে 13 km গাড়ি চালায়। তারপর সে ডান দিকে বাঁক নেয়, 59 km গাড়ি চালায়, বাম দিকে বাঁক নেয় এবং 49 km গাড়ি চালায়। তারপর সে বাম দিকে বাঁক নেয় এবং 21 km গাড়ি চালায়। সে বাম দিকে বাঁক নেয়, 37 km গাড়ি চালায়। তারপর সে ডান দিকে বাঁক নেয়, 38 km গাড়ি চালায়, ডান দিকে বাঁক নেয় এবং 23 km গাড়ি চালিয়ে Z বিন্দুতে থামে। আবার Y বিন্দুতে পৌঁছানোর জন্য তার কত দূরত্ব (সর্বনিম্ন দূরত্ব) যেতে হবে এবং কোন দিকে গাড়ি চালাতে হবে?
(নির্দিষ্ট করে বলা না থাকলে সমস্ত বাঁক 90° ধরে নিতে হবে)

A. 51 km দক্ষিণে
B. 43 km উত্তরে
C. 48 km উত্তরে ✓
D. 49 km দক্ষিণে

**Q45**
ইংরেজি বর্ণমালার ক্রমানুসারে, EFHE একটি নির্দিষ্ট পদ্ধতিতে IJLI এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতিতে IJLI সম্পর্কিত MNPM এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে, PQSP কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

A. TTVT
B. TVVY
C. TUVT
D. TUWT ✓

**Q46**
খেলাসংক্রান্ত নিচের কোন পরিভাষাটি ক্রিকেটের সঙ্গে সম্পর্কিত **নয়**?

A. রেইডার (Raider) ✓
B. পাওয়ারপ্লে (Powerplay)
C. LBW
D. কভার ড্রাইভ (Cover drive)

**Q47**
2025 সালের মে মাস অনুযায়ী, ভারতের বৃহত্তম সংরক্ষণাগার সারাপ চু (Tsarap Chu) কনজারভেশন রিজার্ভ, কোন রাজ্যে অবস্থিত?

A. অরুণাচল প্রদেশ
B. আসাম
C. হিমাচল প্রদেশ ✓
D. অন্ধ্রপ্রদেশ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play
generated by rank.qmaths.in

**Q48**

A, B এবং C তিনজনের মধ্যে ₹9,900 ভাগ করা হয়। যদি A এবং C এর শেয়ারের অনুপাত 4 : 18 হয় এবং B এর শেয়ার যদি A এবং C এর মোট শেয়ারের 50% হয়, তাহলে B এর শেয়ার (₹ এ) কত?

A. 3,298

B. 3,301

C. 3,302

D. 3,300 ✔

**Q49**

প্রদত্ত বর্ণের ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।

(বামদিক) K O P Q W S E D G U J I O P K M N V Y I P O (ডানদিক)

এমন কতগুলি ব্যঞ্জনবর্ণ (consonant) আছে, যার প্রতিটির ঠিক আগে একটি স্বরবর্ণ (vowel) আছে এবং ঠিক পরেও একটি স্বরবর্ণ (vowel) আছে?

A. দু'টির বেশি

B. দু'টি ✔

C. একটিও নয়

D. একটি

**Q50**

একজন দোকানদার একটি পণ্যের মুদ্রিত মূল্যের উপর 15% ছাড় দিচ্ছে। যদি পণ্যের মুদ্রিত মূল্য ₹6500 হয়, তাহলে এর বিক্রয় মূল্য (₹এ) কত ?

A. 5255

B. 5200

C. 5552

D. 5525 ✔

**Q51**

একটি ট্রেন যথাক্রমে 45 km/hr, 60 km/hr এবং 90 km/hr গতিবেগে, 180 km এর তিনটি সমান দূরত্ববিশিষ্ট পথ অতিক্রম করে। তিনটি দূরত্ব অতিক্রম করতে ট্রেনটির মোট কত সময় লাগে?

A. 3.5 ঘন্টা

B. 9 ঘন্টা ✔

C. 4.5 ঘন্টা

D. 7 ঘন্টা

**Q52**

ইংরেজি বর্ণমালার ক্রম অনুসারে, নিচের চারটি বর্ণ-গুচ্ছ জোড়ার মধ্যে তিনটি একটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং এইভাবে তারা একটি দল গঠন করে। কোন বর্ণ-গুচ্ছ জোড়াটি সেই দলের অন্তর্গত **নয়**?

(দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি, তাদের ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণের সংখ্যা বা তাদের অবস্থানের উপর ভিত্তি করে নয়।

A. YH – CE

B. HN – TV ✔

C. CL – GI

D. AJ – EG

**Q53**

কোন বিকল্পটি, দারিদ্র্য বিমোচনের জন্য ভারত সরকারের তিনটি পদ্ধতির মধ্যে একটি **নয়**?

A. বিভিন্ন স্তরের দক্ষতাসম্পন্ন শ্রমিকদের জন্য ন্যূনতম পারিশ্রমিক বা মজুরি নিশ্চিত করা। ✔

B. সামাজিক ভোগের চাহিদা পূরণের জন্য সরকারি ব্যয়ের মাধ্যমে জনসাধারণকে ন্যূনতম মৌলিক সুযোগ-সুবিধা প্রদান করা।

C. অর্থনৈতিক প্রবৃদ্ধি দরিদ্রদের মধ্যেও চুঁইয়ে পড়বে (trickle down) এই প্রত্যাশা নিয়ে প্রবৃদ্ধি সংক্রান্ত পদ্ধতি পোষণ করা।

D. অতিরিক্ত সম্পদ তৈরি করে এবং কাজ সৃষ্টির মাধ্যমে দরিদ্রদের জন্য আয় ও কর্মসংস্থান বৃদ্ধি করা।

**Q54**

______ মাস পর্যন্ত দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর সময়কাল, দেশের বেশিরভাগ অংশে বর্ষাকাল হিসাবে পরিচিত।

A. জুন থেকে সেপ্টেম্বর ✔

B. মে থেকে আগস্ট

C. জুন থেকে অক্টোবর

D. জুন থেকে আগস্ট

**Q55**

প্রধান ইমেইল প্রোভাইডারদের ক্ষেত্রে ইমেইল অ্যাট্যাচমেন্টের জন্য সাধারণভাবে সমর্থিত সর্বাধিক সাইজ কত?

A. 25MB ✔

B. 100MB

C. 50MB

D. 10MB

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q56**

প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন সংখ্যাটি বসবে?

30 40 50 60 70 ?

A. 79

B. 77

C. 80 ✓

D. 78

**Q57**

একই জিনের সামান্য পরিবর্তিত রূপকে নির্দেশ করতে নিচের কোন পরিভাষাটি ব্যবহার করা হয়?

A. অ্যালীল ✓

B. লোকাস

C. জিনোম

D. ক্রোমোজোম

**Q58**

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'pull bush map' কে 'hn ha lv' হিসেবে এবং'kite input pull' কে 'ha of bq' হিসেবে লেখা হয়। ওই সাংকেতিক ভাষায় 'pull' কে কীভাবে লেখা হবে?

A. ha ✓

B. lv

C. hn

D. of

**Q59**

যদি 'I' এর অর্থ '+' হয়, 'J' এর অর্থ '×' হয়, 'K' এর অর্থ '÷' হয় এবং 'L' এর অর্থ '−' হয়, তবে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী আসবে?

174 K 6 J 12 I 63 L 15 K 5 I 29 J 4 K 2 L 11 = ?

A. 574

B. 491

C. 455 ✓

D. 513

**Q60**

নিচের কোনটি মানব উন্নয়ন সূচকের (HDI) একটি মাত্রা **নয়**?

A. শিক্ষা ও জ্ঞান অর্জন

B. সামরিক শক্তি ও প্রতিরক্ষা ব্যয় ✓

C. একটি দীর্ঘ এবং স্বাস্থ্যকর জীবন

D. জীবনযাত্রার মান এবং সম্পদের উপর নিয়ন্ত্রণ

**Q61**

নিচের কোন রাজ্যে বোকারো ইস্পাত কারখানা অবস্থিত?

A. পশ্চিমবঙ্গ

B. বিহার

C. ঝাড়খণ্ড ✓

D. ছত্তিশগড়

**Q62**

কোন মন্দির স্থাপত্যশৈলী অনুসারে, মন্দিরের মণ্ডপকে 'জগমোহন' বলা হয়?

A. ওড়িশা শৈলী ✓

B. সোলাঙ্কি শৈলী

C. খাজুরাহো শৈলী

D. পাল শৈলী

**Q63**

অতুল প্রতি মাসে ₹16,000 আয় করে। সে বাড়ি ভাড়ায় ₹5,500 খরচ করে, বিদ্যুতের বিলে ₹2,500 খরচ করে এবং প্রতি মাসে অবশিষ্ট অর্থ সঞ্চয় করে। যদি সে তার একমাসের পুরো সঞ্চয় জন্মদিন উদযাপনের জন্য ব্যবহার করে, তাহলে এক বছরে তার মোট সঞ্চয় (₹ এ) কত?

A. 96,000

B. 72,000

C. 80,000

D. 88,000 ✓

**Q64**

অমরাবতী, ভবানী, হেমাবতী এবং কাবিনী হল ______ নদীর প্রধান উপনদীসমূহ।

A. সিন্ধু

B. ব্রহ্মপুত্র

C. কাবেরী ✓

D. তাপ্তি

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q65

2025 সালে প্রকাশিত ইউনাইটেড নেশনস অফিস অন ড্রাগস অ্যান্ড ক্রাইম (UNODC) এবং UN Women এর তথ্য অনুসারে, 2024 সালে বিশ্বব্যাপী যতজন নারী বা মেয়ে তাদের ঘনিষ্ঠ সঙ্গী বা পরিবারের সদস্যদের হাতে নিহত হয়েছেন, তার হার ________ এ একজন।

A. প্রতি ঘন্টা

B. প্রতি 30 মিনিট

C. প্রতি 5 মিনিট

D. প্রতি 10 মিনিট ✓

Q66

2025 সালে উইমেন'স প্রিমিয়ার লিগের তৃতীয় সংস্করণে কোন দল জয়ী হয়েছে?

A. গুজরাট জায়ান্টস

B. রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু

C. দিল্লি ক্যাপিটালস

D. মুম্বাই ইন্ডিয়ান্স ✓

Q67

লোক আদালতের লক্ষ্য হল ______ মূলক সমাধানকে দ্রুততর করার মাধ্যমে সৌহার্দ্যপূর্ণভাবে বিরোধ নিষ্পত্তি করা।

A. সৌহার্দ্যপূর্ণ/ আপোস ✓

B. অপরিহার্য আদেশ

C. অপরাধ

D. প্রতিদ্বন্দ্বিতা

Q68

মেইন ওয়ার্কার (প্রধান কর্মী) হলেন এমন একজন ব্যক্তি যিনি _______ কাজ করেন।

A. বছরে কমপক্ষে 183 দিন (বা ছয় মাস) ✓

B. বছরে কমপক্ষে 90 দিন (বা তিন মাস)

C. বছরে কমপক্ষে 120 দিন (বা চার মাস)

D. বছরে কমপক্ষে 153 দিন (বা পাঁচ মাস)

Q69

দু'টি সংখ্যার গসাগু ও লসাগু যথাক্রমে 49 ও 490 হ'লে এবং একটি সংখ্যা 245 হ'লে অপর সংখ্যাটি কত?

A. 98 ✓

B. 147

C. 49

D. 196

Q70

I, J, K, L, R, S এবং T কেন্দ্রের দিকে মুখ ক'রে একটি বৃত্তাকার টেবিল ঘিরে বসেছে।
K এর ডান দিক থেকে গণনা করলে K এবং T এর মাঝে মাত্র দু'জন বসেছে। L এর ডান দিক থেকে গণনা করলে S এবং L এর মাঝে মাত্র তিনজন বসেছে। L এর ঠিক ডান দিকে T বসেছে। R এর ঠিক ডান দিকে J বসেছে।
কে I এর ডান দিকে চতুর্থ স্থানে বসেছে?

A. J ✓

B. L

C. S

D. T

Q71

নিচের কোনটি ভারতীয় সংবিধানের তৃতীয় ভাগে উল্লিখিত ছ'টি মৌলিক অধিকারের অন্তর্গত **নয়**?

A. শোষণ থেকে ত্রাণের অধিকার

B. ধর্মীয় শিক্ষার অধিকার ✓

C. সমতার অধিকার

D. স্বাধীনতার অধিকার

Q72

বালিমেলা বিদ্যুৎ কেন্দ্র ভারতের কোন রাজ্যে অবস্থিত?

A. অন্ধ্রপ্রদেশ

B. ওড়িশা ✓

C. ছত্তিশগড়

D. ঝাড়খণ্ড

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play
generated by rank.qmaths.in

Q73

নাগরিকত্ব (সংশোধনী) আইন, 2019 এর অধীনে, কী কারণে ওভারসীজ সিটিজেন অফ ইন্ডিয়া (OCI) এর রেজিস্ট্রেশন বাতিল করা হতে পারে?

A. যদি ভারতের প্রবাসী নাগরিকরা, আনুষ্ঠানিকভাবে দ্বৈত নাগরিকত্বের মর্যাদা চান

B. যদি ভারতের প্রবাসী নাগরিকরা কর সংক্রান্ত বাধ্যবাধকতা ও নিয়মাবলি মেনে চলতে অস্বীকার করেন

C. যদি ভারতের প্রবাসী নাগরিক্রা, স্থায়ীভাবে অন্য দেশে বসবাস করতে শুরু করেন

D. যদি প্রবাসী ভারতীয় নাগরিকরা, নাগরিকত্ব আইন বা কোনও বিজ্ঞাপিত আইন লঙ্ঘন করেন ✓

Q74

প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন সংখ্যাটি বসবে?

16, 26, 39, 55, 74, ?

A. 90

B. 100

C. 103

D. 96 ✓

Q75

বিশুদ্ধ খাদি থেকে ত্রি-বর্ণরঞ্জিত পতাকা তৈরির জন্য আইন অনুমোদিত একমাত্র সংস্থা, কর্ণাটক খাদি এবং গ্রামোদ্যোগ সংযুক্ত সংঘ (KKGSS), কোথায় অবস্থিত?

A. গোকর্ণ

B. বেলুড়

C. বাদামী

D. বেঙ্গেরি ✓

Q76

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। প্রদত্ত বিবৃতিগুলি সাধারণভাবে জানা তথ্যগুলির থেকে ভিন্ন বলে মনে হলেও তা সত্য হিসাবেই মেনে নিন এবং কোন সিদ্ধান্ত(গুলি) প্রদত্ত বিবৃতিগুলিকে যুক্তিযুক্তভাবে অনুসরণ করবে, তা নির্ধারণ করুন।

**বিবৃতি:**
কিছু বাল্ব হয় আলো।
সকল বাল্ব হয় চুম্বক।

**সিদ্ধান্ত:**
(I) অন্তত কিছু চুম্বক হয় আলো।
(II) কিছু চুম্বক হয় বাল্ব।

A. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।

B. উভয় সিদ্ধান্ত (I) এবং (II) অনুসরণ করে। ✓

C. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে।

D. সিদ্ধান্ত (I) বা (II) কোনোটিই অনুসরণ করে না।

Q77

বার্ষিক 20% সুদের হারে 4 বছরে কত মূলধনের (₹ এ) সরল সুদ ₹1,560 হবে?

A. 1,950 ✓

B. 975

C. 3,900

D. 1,248

Q78

প্রদত্ত সংখ্যার ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। (সকল সংখ্যাই একক-অঙ্ক বিশিষ্ট সংখ্যা।) (কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।)

(বামদিক) 9 8 7 4 5 3 2 4 5 6 8 1 2 3 5 6 7 6 5 3 9 (ডানদিক)

এমন কতগুলি জোড় সংখ্যা আছে, যার প্রতিটির ঠিক আগে একটি পূর্ণবর্গ সংখ্যা আছে এবং ঠিক পরে একটি বিজোড় সংখ্যা আছে?
(**দ্রষ্টব্য:** 1 একটি পূর্ণবর্গ সংখ্যা)

A. এক

B. একটিও নয়

C. তিন

D. দুই ✓

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play

**Q79**

একজন ব্যবসায়ী ₹850 এ একটি শার্ট বিক্রি করে 5% ক্ষতি করেন। যদি তিনি সেটি ₹1,530 এ বিক্রি করেন, তবে তিনি x% লাভ করবেন। তবে, x এর মান কত?

- A. 61
- B. 81
- C. 71 ✓
- D. 86

**Q80**

নিচের কোন পুরুষ ক্রীড়াবিদ 2025 সালে 'ওয়ার্ল্ড অ্যাথলিট অফ দ্য ইয়ার' খেতাব অর্জন করেন?

- A. জ্যাকব ইঙ্গব্রিগটসন (Jakob Ingebrigtsen)
- B. নীরজ চোপড়া (Neeraj Chopra)
- C. নোয়া লাইলস (Noah Lyles)
- D. মন্ডো ডুপ্লান্টিস (Mondo Duplantis) ✓

**Q81**

মহম্মদ কাসিম নানুতুভী এবং রশিদ আহমেদ গঙ্গোহি নিচের কোন আন্দোলনটির সূচনা করেছিলেন?

- A. দেওবন্দ আন্দোলন ✓
- B. পাগলপন্থী আন্দোলন
- C. ওয়াহাবি আন্দোলন
- D. শরিয়াহ আন্দোলন

**Q82**

সাতটি বাক্স U, V, W, X, E, F এবং G কে একে অপরের উপরে রাখা হয়েছে, কিন্তু এই নির্দিষ্ট ক্রমে রাখা হয়নি। G এর নিচে কেবল দুটি বাক্স রাখা হয়েছে। V এর উপরে কেবল একটি বাক্স রাখা হয়েছে। V এবং U এর মাঝখানে কেবল একটি বাক্স রাখা হয়েছে। X কে P এর ঠিক উপরে রাখা হয়েছে। W কে E এর নিচে কোনো একটি অবস্থানে রাখা হয়েছে। E এবং X এর মাঝখানে কতগুলি বাক্স রাখা হয়েছে?

- A. চারটি
- B. তিনটি
- C. দুইটি ✓
- D. একটি

**Q83**

ভারত সরকারের কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং, 2025 সালের জানুয়ারিতে, সিকিমের ________ জেলায় অর্গ্যানিক ফিশারিজ ক্লাস্টারের (Organic Fisheries Cluster) উদ্বোধন করেন।

- A. পাকিয়ং (Pakyong)
- B. সোরেং (Soreng) ✓
- C. গ্যাংটক (Gangtok)
- D. মঙ্গন (Mangan)

**Q84**

40A861B এই 7 অঙ্কের সংখ্যাটি 3 দ্বারা বিভাজ্য হ'লে, (A + B) এর সর্বনিম্ন মান কত?

- A. 2 ✓
- B. 3
- C. 5
- D. 1

**Q85**

প্রদত্ত বিবৃতি(গুলি) এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। বিবৃতিতে প্রদত্ত তথ্যগুলি সাধারণভাবে জ্ঞাত তথ্যের থেকে ভিন্ন বলে মনে হলেও তা সত্য হিসাবেই মেনে নিন। প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি/কোনগুলি বিবৃতিগুলিকে যুক্তিসঙ্গতভাবে অনুসরণ করে?

**বিবৃতি:**
কিছু রাজা হয় ড্রিল।
সব ক্ল্যাম্প হয় ড্রিল।

**সিদ্ধান্ত:**
**(I)** কিছু রাজা হয় ক্ল্যাম্প।
**(II)** সব ড্রিল হয় ক্ল্যাম্প।

- A. সিদ্ধান্ত (I) এবং (II) উভয়ই অনুসরণ করে।
- B. শুধু সিদ্ধান্ত (I) অনুসরণ করে।
- C. সিদ্ধান্ত (I) বা (II) কোনোটাই অনুসরণ করে না। ✓
- D. শুধু সিদ্ধান্ত (II) অনুসরণ করে।

**Q86**

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'bell poet visit' কে 'js vx gu' হিসেবে এবং 'yard visit queen' কে 'aw ks js' হিসেবে লেখা হয়। ওই সাংকেতিক ভাষায় 'visit' কে কীভাবে লেখা হবে?

- A. aw
- B. js ✓
- C. gu
- D. vx

Blackbook Vocabulary — Now in the App! ▸ Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q87**
কোন ধরনের মেমোরি নন-ভোলাটাইল এবং সাধারণত এমবেডেড কন্ট্রোলারগুলিতে ফার্মওয়্যার স্টোরেজের জন্য ব্যবহৃত হয়?

A. ফ্ল্যাশ ROM ✓
B. DRAM
C. L3 ক্যাশে
D. SRAM

**Q88**
নাগরিকত্ব (সংশোধন) আইন, 2019 বিশেষভাবে কোন প্রতিবেশী দেশগুলি থেকে আসা নির্দিষ্ট সম্প্রদায়ের প্রব্রজনকারী ব্যক্তিসমূহের জন্য প্রযোজ্য?

A. নেপাল, ভুটান ও বাংলাদেশ
B. মালদ্বীপ, আফগানিস্তান ও ভুটান
C. শ্রীলঙ্কা, মায়ানমার ও পাকিস্তান
D. আফগানিস্তান, বাংলাদেশ ও পাকিস্তান ✓

**Q89**
খাদ্য দ্রব্য তৈরিতে ব্যবহৃত কোন ধরণের উপাদান গ্রহণ করা মানুষের স্বাস্থ্যের জন্য নিরাপদ নয়?

A. ভেজাল (adulterants) ✓
B. সংযোজক খাদ্য-উপাদান (food additives)
C. ঝুঁকিপূর্ণ রাসায়নিক উপাদান (chemical hazards)
D. স্বাদ-গন্ধ বিবর্ধক উপাদান (flavouring agents)

**Q90**
$x > 1$ এর জন্য $\{x + 4, 2x - 3, 5x, x + 1, 3x + 2\}$ ডেটা সেটের মধ্যমার মান 7 হ'লে, এবং x একটি স্বাভাবিক সংখ্যা হ'লে x এর মান কত?

A. 3 ✓
B. 4
C. 6
D. 2

**Q91**
নিচের কোন তারিখে জাতিসংঘ প্রথমবার ওয়ার্ল্ড ক্লিন এনার্জি দিবস পালন করে?

A. 26 জানুয়ারি 2024 ✓
B. 26 জানুয়ারি 2022
C. 6 জুন 2020
D. 6 জুন 2018

**Q92**
একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
A + B এর অর্থ ‘A হয় B এর বাবা’,
A – B এর অর্থ ‘A হয় B এর স্ত্রী’,
A × B এর অর্থ ‘A হয় B এর ছেলে’,
এবং A ÷ B এর অর্থ ‘A হয় B এর মেয়ে’।

‘W × Z + Y ÷ X – Z’ হ'লে, X কীভাবে W এর সঙ্গে সম্পর্কিত?

A. মা ✓
B. স্ত্রীর মা
C. ছেলের স্ত্রী
D. মেয়ের স্বামী

**Q93**
নিচের কোন ব্যক্তি দিল্লিতে 1857 সালের বিদ্রোহে নেতৃত্ব দিয়েছিলেন?

A. মঙ্গল পান্ডে
B. বেগম হজরত মহল
C. দ্বিতীয় বাহাদুর শাহ ✓
D. নানা সাহেব

**Q94**
লিঙ্গ-সমতা কীভাবে মানব উন্নয়নে অবদান রাখতে পারে?

A. শিক্ষা ও কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণের বাধাগুলি দূর করে ✓
B. কর্মশক্তির বৈচিত্র্য হ্রাস করে
C. কেবল পুরুষ-আধিপত্যমূলক শিল্পগুলিতে মনোনিবেশ করে
D. মহিলাদের জন্য সুযোগ সীমিত করে

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q95**

নিচের ডেটার গড় (mean) কত?

12, 3, 18, 17, 4, 9, 17, 19, 20, 15, 8, 17, 2, 3, 16, 11, 3, 1, 0 এবং 5

A. 9

B. 11

C. 10 ✓

D. 8

**Q96**

দু'টি সম্পূরক কোণের মধ্যে বড় কোণটি ছোট কোণের তুলনায় 16° বেশি হ'লে, ছোট কোণটির মান (ডিগ্রিতে) কত?

A. 87

B. 72

C. 79

D. 82 ✓

**Q97**

'আধুনিক ভারতীয় শিল্পের জনক' হিসাবে পরিচিত কোন শিল্পী শকুন্তলা, রং রসিয়ার মতো শিল্পকর্মের জন্য বিখ্যাত?

A. অবনীন্দ্রনাথ ঠাকুর

B. নন্দলাল বসু

C. রবীন্দ্রনাথ ঠাকুর

D. রাজা রবি বর্মা ✓

**Q98**

কম্পিউটার পরিভাষায় 'ASCII' এর পূর্ণ রূপ কী?

A. আমেরিকান স্ট্যান্ডার্ড কোড ফর ইন্টারন্যাশনাল ইন্টারচেঞ্জ (American Standard Code for International Interchange)

B. অ্যাডভান্সড স্ট্যান্ডার্ড কোড ফর ইনফরমেশন ইন্টারচেঞ্জ (Advanced Standard Code for Information Interchange)

C. আমেরিকান সায়েন্টিফিক কোড ফর ইনফরমেশন ইন্টারচেঞ্জ (American Scientific Code for Information Interchange)

D. আমেরিকান স্ট্যান্ডার্ড কোড ফর ইনফরমেশন ইন্টারচেঞ্জ (American Standard Code for Information Interchange) ✓

**Q99**

একজন দোকানদার, একটি পণ্যের ক্রয়মূল্যকে 90% বাড়িয়ে পণ্যটির মুদ্রিতমূল্য নির্ধারণ করে। পণ্যটির মুদ্রিতমূল্যের উপর কত শতাংশ ছাড় দিলে তার 71% লাভ হবে?

A. 10% ✓

B. 8%

C. 11%

D. 13%

**Q100**

এই প্রশ্নটিতে, একটি প্রশ্নের পরে দু'টি বিবৃতি (I) এবং (II) দেওয়া আছে। আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে বিবৃতিগুলিতে প্রদত্ত তথ্য, এই প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট কিনা। বিবৃতিগুলি পড়ুন এবং উপযুক্ত উত্তরটি নির্ধারণ করুন।

**প্রশ্ন:** M, A, N, C এবং G এই 5টি লাঠির প্রত্যেকটির দৈর্ঘ্য আলাদা। কোন লাঠিটি সবচেয়ে লম্বা?

**বিবৃতি:**
(I) M হল A এর চেয়ে খাটো, কিন্তু N এর চেয়ে লম্বা।
(II) N হল C এর চেয়ে লম্বা, কিন্তু G চেয়ে খাটো।

A. বিবৃতি I এর তথ্যসমূহ এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II এর তথ্যসমূহ যথেষ্ট নয়।

B. এই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য I এবং II বিবৃতি দু'টির তথ্য যৌথভাবে (কেবল বিবৃতি I এককভাবে বা বিবৃতি II এককভাবে নয়) যথেষ্ট।

C. এই প্রশ্নের উত্তর দেওয়ার জন্য I এবং II বিবৃতি দু'টির তথ্য যৌথভাবে যথেষ্ট নয়। ✓

D. বিবৃতি II এর তথ্যসমূহ এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এর তথ্যসমূহ যথেষ্ট নয়।

**Q101**

এনার্জি স্ট্যাটিস্টিক্স ইন্ডিয়া 2025 অনুসারে, 2025 সালের মার্চ পর্যন্ত ভারতের পুনর্নবীকরণযোগ্য শক্তির মোট আনুমানিক ক্ষমতায় কোনটির অবদান সর্বাধিক?

A. জৈবশক্তি

B. জলবিদ্যুৎ

C. বায়ু শক্তি ✓

D. সৌরশক্তি

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

**Q102**

পেশাগতভাবে, প্রারম্ভিক বৈদিক যুগের (ঋক বৈদিক যুগের) আর্যরা _______________ ছিলেন।

A. পশুপালক/ মেষপালক ✓

B. পুরোহিত

C. বণিক ও ব্যবসায়ী

D. মৎস্যজীবী ও শিকারী

**Q103**

মান নির্ণয় করুন।
30 + [{-9 × (26 - 14 + 6)}]

A. -132 ✓

B. -134

C. -135

D. -133

**Q104**

প্রতি বছর 1 জানুয়ারি নিচের কোন দিবসটি পালন করা হয়?

A. বিশ্ব স্বাস্থ্য দিবস

B. বিশ্ব পরিবার দিবস ✓

C. আন্তর্জাতিক যোগ দিবস

D. পৃথিবী দিবস

**Q105**

10টি সংখ্যার যোগফল 612 হ'লে, তাদের গড় কত?

A. 59.2

B. 62.2

C. 60.2

D. 61.2 ✓

**Q106**

মুকুন্দ একটি ব্যাঙ্কে ₹57,000 জমা রেখেছেন। বার্ষিক চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে, যদি প্রথম বছরে সুদের হার (বার্ষিক দেয়) 10% হয় এবং দ্বিতীয় বছরে বার্ষিক সুদের হার আরও 3% বৃদ্ধি পায়, তবে 2 বছরে তিনি কত চক্রবৃদ্ধি সুদ (₹ এ) পাবেন?

A. 13,651

B. 13,501

C. 13,851 ✓

D. 14,101

**Q107**

COURAGE শব্দের প্রতিটি স্বরবর্ণ (vowel) ইংরেজি বর্ণমালার ক্রমানুসারে তার পরবর্তী বর্ণে পরিবর্তিত হয় এবং প্রতিটি ব্যঞ্জনবর্ণ (consonant) ইংরেজি বর্ণমালার ক্রমানুসারে তার পূর্ববর্তী বর্ণে পরিবর্তিত হয়। এইভাবে গঠিত নতুন বর্ণগুচ্ছে নিচের কোন বর্ণটি ডানদিক থেকে পঞ্চম স্থানে থাকবে?

A. T

B. A

C. V ✓

D. U

**Q108**

1369 $m^2$ ক্ষেত্রফল বিশিষ্ট একটি বর্গাকার মাঠের পরিসীমা (m এ) কত?

A. 139

B. 145

C. 148 ✓

D. 152

**Q109**

2025 সালের ফেব্রুয়ারিতে ভারতের মাননীয় উপরাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনখড় দ্বারা প্রকাশিত 'আই অ্যাম?' (I AM?) বইটির সংকলক কে ছিলেন?

A. অরুণ শৌরি

B. নমিতা গোখলে

C. গোপীচাঁদ পি. হিন্দুজা ✓

D. পি.এস. রমন

**Q110**

ইংরেজি বর্ণমালার ক্রম অনুসারে, TWSP একটি নির্দিষ্ট পদ্ধতিতে MPLI এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপভাবে, LOKH সম্পর্কিত EHDA এর সঙ্গে। অনুরূপ যুক্তিতে PSOL নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

A. ILGE

B. IMGM

C. ILHE ✓

D. IKGE

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play
generated by rank.qmaths.in

**Q111**

কোন সূত্রে বলা হয়েছে যে 'বাহ্যিক বল প্রয়োগ না করা হলে স্থির অবস্থায় থাকা বস্তু স্থির অবস্থায়, অথবা সুষম গতিবেগে গতিশীল বস্তু অভিন্ন গতিতেই গতিশীল থাকবে'?

- **A.** ভরবেগের সংরক্ষণ সূত্র
- **B.** নিউটনের তৃতীয় গতিসূত্র
- **C.** নিউটনের প্রথম গতিসূত্র ✓
- **D.** কেপলারের গ্রহীয় গতিসূত্র

**Q112**

$$\frac{8}{63}$$

- **A.** $\frac{1}{63}$
- **B.** $\frac{40}{63}$
- **C.** $\frac{40}{7}$ ✓
- **D.** $\frac{1}{7}$

**Q113**

মান নির্ণয় করুন।

$$\sqrt{\left(31+\sqrt{\left((15+\sqrt{\left(97+\sqrt{(7+\sqrt{(4)})}\right)}\right)}\right)}$$

- **A.** 5
- **B.** 4
- **C.** 9
- **D.** 6 ✓

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play

**Q114**

21 cm অন্তর্ব্যাস বিশিষ্ট একটি চোঙাকৃতি নলের মধ্য দিয়ে 8 m/s হারে জল প্রবাহিত হচ্ছে। নলটি কত মিনিটে (এক দশমিক স্থান অবধি আসন্নমানে) একটি 12 m × 9 m × 4.41 m মাত্রাবিশিষ্ট ফাঁকা আয়তাকার ট্যাঙ্ককে ভর্তি করতে পারবে?

[$\pi = \frac{22}{7}$ ধরুন]

A. 30 মিনিট

B. 36.8 মিনিট

C. 27.5 মিনিট

D. 28.6 মিনিট ✓

**Q115**

$$3^5 - \left(\frac{1}{3}\right)^{-5} + \sqrt{\frac{27^{12} + 9^{13}}{27^6 + 9^{14}}}$$

A. 81 ✓

B. 69

C. 27

D. 243

**Q116**

$$\sqrt{\frac{1764}{2025}} \times \sqrt{\frac{625}{441}} - \left(\frac{3}{4}\right)^{-2}$$

A. $-\frac{2}{3}$ ✓

B. $-\frac{1}{3}$

C. $\frac{26}{9}$

D. $-\frac{22}{63}$

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play

**Q117**

একটি বাড়ির ছাদে একটি খুঁটি আছে। বাড়ির উচ্চতা 25 মিটার। ভূমি স্তরে অবস্থিত বিন্দু P থেকে বাড়ির ছাদের উন্নতি কোণ 45° এবং খুঁটির শীর্ষভাগের উন্নতি কোণ 60° হলে, খুঁটির উচ্চতা (মিটারে) কত?

A. $25(\sqrt{2}-1)$

B. $25(\sqrt{3}-1)$ ✓

C. $20(\sqrt{3}-1)$

D. $20(\sqrt{3}+1)$

**Q118**

একটি নৌকার স্রোতের অভিমুখে গতিবেগ 115 km/hr এবং স্রোতের বিপরীতে গতিবেগ 23 km/hr হয়। নৌকাটি একটি স্থানে গিয়ে আবার ওই স্থানে ফিরে আসতে মোট 25 ঘন্টা সময় নেয়। নৌকাটি মোট কত দূরত্ব অতিক্রম করে?

A. $958\frac{2}{3}$ km

B. $479\frac{1}{6}$ km

C. $958\frac{1}{3}$ km ✓

D. $479\frac{5}{6}$ km

**Q119**

যদি $\alpha : \beta = 15 : 22$ এবং $\beta : \gamma = 12 : 13$ হয়, তবে $\alpha : \beta : \gamma$ এর মান কত হবে?

A. 90 : 143 : 132

B. 90 : 132 : 143 ✓

C. 45 : 66 : 143

D. 90 : 66 : 143

**Q120**

$$\pi = \frac{22}{7}$$

A. ₹2,087.4

B. ₹2,041.6 ✓

C. ₹2,131.3

D. ₹2,051.7

Blackbook Vocabulary — Now in the App! ► Download Now on Google Play